

প্রশ্নঃ ৩৮৯. সমিতি থেকে ক্রেতার পছন্দমত দশ হাজার টাকা দিয়ে মোবাইল ক্রয় করে সেটা যদি তার কাছে ১২০০০ টাকা বিক্রি করা হয় সেটা কি জায়েজ হবে?

---

হাঁ, সমিতি কর্তৃক গ্রাহকের পছন্দমতো ১০,০০০ টাকা দিয়ে মোবাইল কিনে তা ১২,০০০ টাকায় বিক্রি করা জায়েজ হবে, যদি কিছু শর্ত পূরণ করা হয়। এই পদ্ধতিকে মুরাবাহা বলা হয়। মুরাবাহা চুক্তির মূলনীতি হলো, বিক্রেতা (সমিতি) প্রথমে পণ্যটি (মোবাইল) নিজের মালিকানায় কিনে নেবে এবং তার দখল গ্রহণ করবে। অর্থাৎ, মোবাইলটি যখন ১০,০০০ টাকায় কেনা হবে, তখন থেকে তা ক্রেতার কাছে ১২,০০০ টাকায় বিক্রি করার আগ পর্যন্ত এর যেকোনো ক্ষতি বা ধূংসের বুঁকি সমিতিকেই বহন করতে হবে।

এরপর, সমিতি ক্রেতাকে ক্রয়মূল্য (১০,০০০ টাকা) এবং যুক্ত লাভ (২,০০০ টাকা) স্পষ্টভাবে জানিয়ে ১২,০০০ টাকায় বিক্রি করবে। এই লেনদেন সুদ হবে না, কারণ এখানে সরাসরি অর্থের উপর অতিরিক্ত অর্থ নেওয়া হচ্ছে না, বরং একটি পণ্যের (মোবাইল) ক্রয়-বিক্রয় হচ্ছে, যেখানে পণ্যের দামের উপর লাভ যোগ করা হচ্ছে। ইসলামী শরিয়তে মুরাবাহা একটি অনুমোদিত অর্থায়ন পদ্ধতি, যা সরাসরি সুদের বিকল্প হিসেবে ব্যবহৃত হয়।

আল-কাসানী, বাদাইউস সানাই' (৫/২১৯); ইবনুল ভূমাম, ফাতহুল কাদীর (৬/৩৮৬)

অনলাইনে দেখার জন্য ক্ষ্যান করুন:

